নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali science and Technology University
Website : www.nstu.edu.bd
Noakhali-3814

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর
Public Relations & Publications Office
Phone:880-2334496581, Mobile: 880-01733998894
E-mail : pr@office.nstu.edu.bd

নোবিপ্রবি/জনওপ্রকা/সংবাদ-বিজ্ঞপ্তি/২০২৫/২৩৪৫ ১ ডিসেম্বর ২০২৫

**সংবাদ বিজ্ঞপ্তি**

# নোবিপ্রবির তৃতীয় একাডেমিক ভবনসহ ৩৩৪ কোটি ৪৬ লক্ষ টাকার প্রকল্প একনেকে পাশ

জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটির (একনেক) ৬ষ্ঠ সভায় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) তৃতীয় একাডেমিক ভবন ও কেন্দ্রীয় গবেষণাগারসহ বিভিন্ন উন্নয়ন কাজ সম্পন্ন করার জন্য ৩৩৪ কোটি ৪৬ লক্ষ টাকার প্রকল্প পাশ হয়েছে। আজ সোমবার (১ ডিসেম্বর ২০২৫) রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় সভাপতিত্ব করেন মাননীয় প্রধান উপদেষ্টা ও একনেক চেয়ারপারসন অধ্যাপক ড. মুহাম্মদ ইউনূস।

সভা শেষে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল পরিকল্পনা মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. ওয়াহিদউদ্দিন মাহমুদকে ফুলেল শুভেচ্ছা জ্ঞাপন করেন ও কৃতজ্ঞতা প্রকাশ করেন। এক বার্তায় উপাচার্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারী ও এলাকাবাসীর প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এটি আমাদের জন্য এক ঐতিহাসিক মুহূর্ত। দীর্ঘদিনের চেষ্টার পর এ স্বপ্ন পূরণের পথে আমরা অগ্রসর হলাম। নোবিপ্রবির দুঃখ বলে খ্যাত তৃতীয় একাডেমিক ভবন নির্মাণের মাধ্যমে আমাদের দীর্ঘদিনের দুঃখ লাঘব হবে। একই সঙ্গে জ্ঞান, গবেষণা ও শিক্ষার নতুন পরিবেশ তৈরি হবে এবং শিক্ষাব্যবস্থা ও গবেষণা অবকাঠামোতে আমূল পরিবর্তন আসবে।

উপাচার্য আরও বলেন, প্রকল্পটি বাস্তবায়িত হলে শিক্ষার্থীদের শ্রেণিকক্ষ সংকট, ল্যাবরেটরি সমস্যা ও গবেষণা অবকাঠামোর অভাব অনেকটাই দূর হবে। সাম্প্রতিক সময়ে আমরা বিশ্ব র‍্যাঙ্কিংয়ে এসেছি। আজকের এ অর্জন নোবিপ্রবিকে বিশ্ব র‍্যাঙ্কিংয়ে আরও সুদৃঢ় অবস্থানে পৌঁছাতে সহায়তা করবে। আমি এ প্রকল্প অনুমোদনের সঙ্গে সংশ্লিষ্ট সবাইকে অভিনন্দন জানাচ্ছি। একই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয়, পরিকল্পনা মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন সহ যারা এক্ষেত্রে সহায়তা করেছেন তাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করছি।

ফুলেল শুভেচ্ছা জ্ঞাপনকালে অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন নোবিপ্রবি কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ মুরাদ এবং পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের প্রধান প্রকৌশলী মো. জামাল হোসেন ও সহকারী পরিচালক আতাউর রহমান।

উল্লেখ্য, এ উন্নয়ন প্রকল্পের আওতায় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক, প্রশাসনিক, গবেষণা ও সহায়ক অবকাঠামো নির্মাণের পাশাপাশি আধুনিক প্রযুক্তিনির্ভর শিক্ষার পরিবেশ গড়ে তোলার উদ্যোগ নেওয়া হয়েছে। বরাদ্দকৃত অর্থের সবচেয়ে বড় অংশ ব্যয় হবে দীর্ঘদিন অচলাবস্থায় থাকা ১০ তলা একাডেমিক ভবন-৩ নির্মাণে। এছাড়াও অন্যান্য উন্নয়ন কাজের মধ্যে রয়েছে, ল্যাবরেটরি স্কুল ও কলেজ, কেন্দ্রীয় মসজিদের উর্ধ্বমুখী সম্প্রসারণ (দ্বিতীয় তলা), কেন্দ্রীয় লাইব্রেরির আধুনিকায়ন ও ডিজিটালাইজেশন, ১০০ কেভি সাব-স্টেশন স্থাপন, শিক্ষক ও কর্মচারী ভবনে লিফট স্থাপন, ১৫০ কেভি জেনারেটর ক্রয়, ক্যাম্পাসে এলইডি লাইট স্থাপন, আন্ডারগ্রাউন্ড বিদ্যুৎ সংযোগ, বৈজ্ঞানিক যন্ত্রপাতি, অফিস সরঞ্জামাদি ও আসবাবপত্র ক্রয় এবং অগ্নিনির্বাপণ সরঞ্জাম ক্রয় ইত্যাদি।

ইফতেখার হোসাইন
সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)
মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪